

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৬২৫

৯/ জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৬৮. মুশরিকদেরকে ইসলামের দাওয়াত প্রদান।

باب في دُعَاءِ الْمُشْرِكِينَ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبرَاهِيمَ، أَخْبَرَنَا ابْنُ عَوْنٍ، قَالَ كَتَبْتُ إِلَى نَافِعٍ أَسْأَلُهُ عَنْ دُعَاءِ الْمُشْرِكِينَ، عِنْدَ الْقِتَالِ فَكَتَبَ إِلَيَّ أَنَّ ذَلِكَ كَانَ فِي أَوَّلِ الْإِسْلَامِ وَقَدْ أَغَارَ نَبِيُّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى بَنِي الْمُصْطَلِقِ وَهُمْ غَارُونَ وَأَنْعَامُهُمْ تُسْقَى عَلَى الْمَاءِ فَقَتَلَ مُقَاتِلَتَهُمْ وَسَبَى سَبْيَهُمْ وَأَصَابَ يَوْمَئِذٍ جُؤَيْرِيَّةَ بِنْتَ الْحَارِثِ حَدَّثَنِي بِذَلِكَ عَبْدُ اللَّهِ وَكَانَ فِي ذَلِكَ الْجَيْشِ .

বাংলা

২৬২৫. সাঈদ ইবন মানসূর ইবন আওন হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবদুল্লাহ ইবন উমার (রাঃ) এর খাদেম নafi' এর নিকট পত্র লিখে জানতে চাইলাম যে, মুশরিকদের সাথে যুদ্ধের সময় ইসলামের দাওয়াত দেওয়াটা কিরূপ? তিনি উত্তরে আমাকে চিঠি লিখে জানালেন, তা ইসলামের প্রাথমিক যুগের ব্যাপার ছিল। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসতালিক গোত্রের উপর অতর্কিত আক্রমণ চালিয়েছিলেন। তারা মুসলিমদের এরূপ আক্রমণ সম্পর্কে কিছুই জানত না, আর তাদের পশুগুলো তৃষ্ণা নিবারণের জন্য পানির কুপের নিকট অস্থান করছিল। এমতাবস্থায় অতর্কিত আক্রমণের মাধ্যমে তাদের যুদ্ধবাজদেরকে হত্যা করে তাদের পুত্র-কন্যাদেরকে বন্দী করে এনেছিলেন। উম্মুল মু'মিনীন জুওয়াইরিয়া বিনতে হারিস (রাঃ) কে সে সময় বন্দী করে আনা হয়েছিল। আমাকে স্বয়ং আবদুল্লাহ ইবন উমার (রাঃ) এ কথা বর্ণনা করেছেন, যিনি উক্ত সৈন্যবাহিনীতে শরীক ছিলেন।

English

Ibn 'Awn said "I wrote to Nafi' asking him about summoning the polytheists (to Islam) at the time of fighting. So, he wrote to me "This was in the early days of Islam. The Prophet of Allaah (ﷺ) attacked Banu Al Mustaliq while they were inattentive and their cattle were drinking water. So their fighters

were killed and the survivors (i.e., women and children) were taken prisoners. On that day Juwairiyyah daughter of Al Harith was obtained. ‘Abd Allaah narrated this to me, he was in that army.”

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ ইবনু ‘আউন (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=34733>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন